ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভার কার্যবিবরণী (১২ তম সভা)

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোহাম্মদ এজাজ, প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : ০৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ ।। ১৮ ডিসেম্বর, ২০২৫ |
| সময় | : বেলা ১০.০০ ঘটিকা। |
| স্থান | : মিনি কনফারেন্স রুম ৬ষ্ঠ তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২। |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "**ক**"

সভার শুরুতে সভাপতি ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কমিটির সকল সদস্য, বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে স্বাগত জানান। তিনি ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক টেকসই নাগরিক সেবা প্রদানের লক্ষ্যে সেবার মান আরো উন্নত এবং গতিশীল করতে সকলকে অনুরোধ জানান। তিনি সকল বৈষম্য নিরসন করে ঢাকা সিটিকে একটি ন্যায্য ও আধুনিক সিটিতে রূপান্তরের জন্য সবার সুচিন্তিত মতামত তুলে ধরার জন্য আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে সচিব গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণসহ অগ্রগতি পর্যালোচনা ও এজেন্ডাভিত্তিক আলোচনা করেন।

পরবর্তীতে এজেন্ডাভিত্তিক আলোচনায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-০১** | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১১তম সভার কার্যবিবরণী দৃঢ়করণ সংক্রান্ত আলোচনা। |
| আলোচনা | : | বিগত ৩০ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিত ১১তম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের লক্ষ্যে পরিবর্তন/পরিমার্জনসহ কোনো সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। উপস্থিত সকল সদস্যদের আর কোন পরিবর্তন/পরিমার্জনের বিষয়ে কোন মতামত না থাকায় ১১তম সভার কার্যবিবরণীর সকল অংশ দৃঢ়ীকরণসহ বর্ণিত বিষয় অর্ন্তভূক্ত করার বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত-০১ | : | সভায় ১১তম সভার কার্যবিবরণীতে কোন পরিবর্তন/পরিমার্জনের বিষয়ে মতামত না থাকায় ১১তম সভার কার্যবিবরণীর সকল অংশ দৃঢ়ীকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-০২** | : | (ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে 'বেসরকারি বাজার প্রতিষ্ঠা ও পরিচালনা প্রবিধান, ২০২৫' অনুমোদন সংক্রান্ত।<br>(খ) ১৩নং ওয়ার্ডস্থিত ৬০ ফিট সড়কের উত্তর প্রান্ত হতে মিরপুর প্রধান সড়ক পর্যন্ত বিদ্যমান সংযোগ সড়কসহ নতুন সংযোগ সড়ক উন্নয়ন শীর্ষক কাজ বাস্তবায়নের জন্য আর্থিক ও প্রশাসনিক |

| | | অনুমোদন প্রদান প্রসঙ্গে। |
|---|---|---|
| আলোচনা | : | (ক) সভায় জানানো হয় যে, স্থানীয় সরকার বিভাগের বিগত ০৬/১১/২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.২২.০০৭.২২.১০১১ স্মারকে নির্দেশনা মতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে 'বেসরকারি বাজার প্রতিষ্ঠা ও পরিচালনা প্রবিধান-২০২৫' এর খসড়া প্রবিধানটি কর্পোরেশনের সভায় অনুমোদনের নির্দেশনা প্রদান করা হয়েছে। সে মতে অদ্যকার কর্পোরেশনের সভায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে 'বেসরকারি বাজার প্রতিষ্ঠা ও পরিচালনা প্রবিধান-২০২৫' এর খসড়া প্রবিধানটি প্রয়োজনীয় সংযোজন-বিয়োজনের জন্য উপস্থাপন করা হলো। সভায় আলোচ্য প্রবিধান নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে 'বেসরকারি বাজার প্রতিষ্ঠা ও পরিচালনা প্রবিধান-২০২৫' এর খসড়া প্রবিধান (সংযুক্তি-খ) অনুমোদনের জন্য সকল সদস্য একমত পোষণ করেন। |

(খ) সভায় জানানো হয় যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অঞ্চল-৪ (মিরপুর) এর আওতাধীন ১৩নং ওয়ার্ডস্থিত ৬০ ফিট সড়কের উত্তর প্রান্ত হতে মিরপুর প্রধান সড়ক পর্যন্ত বিদ্যমান সংযোগ সড়কসহ নতুন সংযোগ সড়ক উন্নয়নের লক্ষ্যে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ এবং ডাক বিভাগের জায়গার ভিতর দিয়ে নতুন একটি সংযোগ সড়ক নির্মাণের উদ্যোগ ডিএনসিসি কর্তৃক গ্রহণ করা হয়। প্রস্তাবিত সড়কটি ৩০ ফিট প্রস্থে উন্নয়ন কাজ বাস্তবায়ন করতে মিরপুর সেকশন-২, আই ব্লক, রোড-৪ এর পূর্ণবাসন প্লট নং-২৪, ২৬, ২৭ ও ২৮ এর ভূমি রয়েছে এবং ৬০ ফিট রোডের উত্তর প্রান্তে দুইটি ব্যক্তি মালিকানাধীন জমি রয়েছে, যার প্লট নং-২৩/ই এবং ২৫ বড়বাগ মিরপুর। এই দুই প্লটের অংশ ক্রয় করে রাস্তা বর্ধিত না করলে ৬০ ফিট সড়কের মুখে যানজট লেগে থাকবে এবং এই প্রকল্পটি সুফল জনগণ ভোগ করতে পারবে না। ফলে জনস্বার্থে সড়কটি উন্নয়নের জন্য উক্ত প্লটসমূহের ব্যক্তিমালিকানাধীন জমি ক্রয় করা প্রয়োজন। ৬০ ফুট রাস্তার উত্তর প্রান্তে সংযোগ সড়ক নির্মাণ করার জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বরাদ্দকৃত ব্লক-আই এর প্লট নং-২৬, ২৭ ও ২৮ এর পশ্চিম প্রান্তের ২০ ফুট প্রশস্ত রাস্তাটি ৩০ ফুট প্রশস্ততায় সংযোগ সড়ক নির্মাণের লক্ষ্যে উক্ত প্লট ০৩ (তিন)টি এর ১০ ফুট প্রশস্ততায় ভূমি ক্রয় ও ৬০ ফুট সড়কটি সরলীকরণের জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বরাদ্দকৃত ব্লক-আই এর প্লট নং-২৪ এর ভূমি ক্রয়সহ বাক্তি মালিকানাধীন ০২ (দুই)টি প্লটের আংশিক ভূমি ক্রয়ের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের আর্থিক ও প্রশাসনিক অনুমোদন এর পূর্বে ডিএনসিসির বোর্ড সভার অনুমোদন প্রয়োজন।

যাহার তফসিল নিম্নরূপ:

| ক্র: নং | সিটি জরিপ মৌজার নাম | সিটি জরিপ খতিয়ান নং | সিটি জরিপে দাগ নং | প্লট নম্বর | ক্রয়ের জন্য প্রস্তাবিত ভূমির পরিমাণ (শতাংশ) | | ভূমির শ্রেণি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | সেনপাড়া পর্বতা | ৩ | ৪০৪৫৬ | ২৪ | ০.২৮৪৯ | ২.৩৪৮৯ | বাড়ি | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দকৃত ০৪ |
| | | | | ২৬ | ০.৬৮৮ | | | |
| | | | | ২৭ | ০.৬৮৮ | | | |
| | | | | ২৮ | ০.৬৮৮ | | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | (চার)টি প্লটের আংশিক ভূমি |
| ০২ | | ৪১৪৯ | ৪০০৫৫ | - | ০.৫৪৫৪ | বাড়ি | মো: আলী আজম পিতা: আব্দুর রহমান ২৩/বড় বাগ, মিরপুর-২, ঢাকা। |
| ০৩ | | ৬২২১ | ৪০০৭১ | - | ০.৮৫৯৫ | বাড়ি | কাজী মো: জহিরুল হক পিতা: আজিজুর রহমান হাজী, ২২ বড়বাগ, মিরপুর-২, ঢাকা। |
| | | | | মোট= | ৩.৭৫৩৮ শতাংশ | | |

এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে আলোচ্য প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় জমি বিধি মোতাবেক ক্রয়ের বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-০২ :

২.১) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে 'বেসরকারি বাজার প্রতিষ্ঠা ও পরিচালনা প্রবিধান-২০২৫' এর খসড়া প্রবিধান (সংযুক্তি-খ) অনুমোদনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

২.২) ১৩নং ওয়ার্ডস্থিত ৬০ ফিট সড়কের উত্তর প্রান্ত হতে মিরপুর প্রধান সড়ক পর্যন্ত বিদ্যমান সংযোগ সড়কসহ নতুন সংযোগ সড়ক উন্নয়ন শীর্ষক কাজ বাস্তবায়নের জনস্বার্থে প্রয়োজনীয় জমি স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৮০ (২) (গ) মোতাবেক ক্রয়ের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | |
|---|---|---|
| বাস্তবায়ন | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-০৩** | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন সড়ক, খেলার মাঠ ও পার্কের নামকরণ সংক্রান্ত। |
| আলোচনা | : | ক) সভায় জানানো হয় যে, অবিভক্ত ঢাকা সিটি কর্পোরেশনের প্রয়াত মেয়র জনাব সাদেক হোসেন খোকা ছিলেন ঢাকা শহরের উন্নয়ন ও নাগরিক কল্যাণে নিবেদিত এক নেতা। তিনি শুধু একজন রাজনীতিবিদই নন, বরং তিনি ছিলেন জনগণের প্রিয় অভিভাবক ও শহর উন্নয়নের এক স্বপ্নদ্রষ্টা। তিনি ১৯৫২ সালের ১২ মে ঢাকায় জন্মগ্রহণ করেন। ছাত্রজীবনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করেন এবং ছাত্ররাজনীতির মাধ্যমেই তাঁর রাজনৈতিক জীবন শুরু হয়। ১৯৯১ সালে তিনি যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রীর দায়িত্ব পালন করেন এবং দেশের ক্রীড়াক্ষেত্রে অবদান রাখেন। ২০০২ সালে তিনি ঢাকা সিটি করপোরেশনের মেয়র নির্বাচিত হন এবং প্রায় এক দশক ধরে এই পদে থেকে মহানগরের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। তাঁর নেতৃত্বে ঢাকার বিভিন্ন অবকাঠামো উন্নয়ন ও সেবামূলক কাজ এগিয়ে যায়। ব্যক্তিগত জীবনে তিনি ছিলেন অত্যন্ত বিনয়ী ও সৎ রাজনীতিবিদ হিসেবে পরিচিত। তিনি ২০১৯ সালের ৪ নভেম্বর যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কে মৃত্যুবরণ করেন। সে মতে জনাব সিদ্দিকুর রহমান, সভাপতি, জাতীয়তাবাদী শ্রমিক কর্মচারী ইউনিয়ন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং মোহাম্মদ ফরহাদ হোসেন বুলেট, সাধারণ জাতীয়তাবাদী শ্রমিক কর্মচারী ইউনিয়ন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, মোহাম্মদ গাদ্দাফি হোসেন এবং ইমতিয়াজ হাসান জনি, মোবাইল: ০১৩০৮৪২৭৩২৩ ০১৭৭৮৯৯১১৩৩ এর আবেদনের প্রেক্ষিতে সাবেক মেয়র জনাব সাদেক হোসেন খোকা এঁর নামানুসারে ইষ্টার্ন হাউজিং ২য় পর্ব হতে বেড়িবাঁধ পর্যন্ত সড়কটি "মেয়র সাদেক হোসেন খোকা সড়ক' নামকরণের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।<br><br>খ) সভায় জানানো হয় যে, ফেলানী হত্যাকান্ড ২০১১ সালের একটি নৃশংস ঘটনা, যেখানে মাত্র ১৫ বছর বয়সী ফেলানী খাতুন বাংলাদেশে ফেরার সময় কুচবিহার সীমান্তে বিএসএফের গুলিতে নিহত হন। কাঁটাতারের বেড়ায় তার নিথর দেহ ঝুলে থাকার মর্মান্তিক ছবি আন্তর্জাতিকভাবে ব্যাপক প্রতিক্রিয়া সৃষ্টি করে। ঘটনাটি বিচারহীনতা, সীমান্ত সহিংসতা ও মানবাধিকার লঙ্ঘনের প্রতীক হিসেবে আজও স্মরণ করা হয়। সে মতে ফেলানীর আত্মত্যাগকে স্মরণীয় করে রাখার জন্য সভায় ফেলানীর নামানুসারে গুলশান ২ গোলচত্বর হতে প্রগতি স্মরণি পর্যন্ত সড়কটি "ফেলানী এভিনিউ" নামকরণের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।<br><br>গ) সভায় জানানো হয় যে, আল্লামা আজিজুল হক (শায়খুল হাদিস) ছিলেন একজন প্রখ্যাত আলেম ও রাজনীতিবিদ, যিনি সহীহ বুখারীর প্রথম বাংলা অনুবাদক হিসেবে পরিচিত; আর তাঁর পুত্র হলেন আল্লামা মামুনুল হক, যিনি নিজেও একজন পরিচিত আলেম ও বক্তা। প্রখ্যাত এই আলেম এর সম্মানে তাঁর পুত্র আল্লামা মামুনুল হক এর আবেদনের প্রেক্ষিতে আল্লামা আজিজুল হক (শায়খুল হাদিস) এর নামানুসারে মোহাম্মদপুর বেরিবাঁধ চৌরাস্তা থেকে বছিলা ব্রিজ পর্যন্ত সড়কটি "আল্লামা আজিজুল হক সড়ক" নামকরণের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।<br><br>ঘ) সভায় জানানো হয় যে, শহীদ আহনাফ আহমেদ মিরপুর ১০ এ স্বৈরাচারের গুলিতে গুলিবিদ্ধ হয়ে শহীদ হয়। যেহেতু শহীদ আহনাফ দেশের জন্য তাঁর এই আত্মত্যাগ আমরা কখনো ভুলতে পারবো না। দেশের জন্য তাঁর এই আত্মত্যাগের কাছে দুনিয়ার সবকিছুই মূল্যহীন। সে মতে তাঁর মাতা জারতাজ পারভীন এর আবেদনের প্রেক্ষিতে "শহীদ আহনাফ আহমেদ" এর নামানুসারে মিরপুর বাঙলা কলেজের পূর্বপাশ থেকে কল্যাণপুর নতুন বাজার পর্যন্ত সড়ক "বীর শহীদ আহনাফ আহমেদ সড়ক" নামকরণের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। |

| | | |
|---|---|---|
| | | ঙ) জুলাই আন্দোলনে ২০২৪ এর শহীদ জাবির ইব্রাহীম উত্তরা ৪নং সেক্টর শায়েস্তা খাঁ এভিনিউ রোডেই গুলিবিদ্ধ হয়ে শহীদ হন। তাঁর বাসস্থান ছিল ৪ নং সেক্টরের পাশেই ৫০ নং ওয়ার্ডের পশ্চিম মোল্লারটেক এলাকায়। ৪নং সেক্টরের শায়েস্তা খাঁ এভিনিউর পাশেই খেলার মাঠ ও শিশু পার্কটি অবস্থিত। সে কারণে শহীদ জাবির ইব্রাহীম এর স্মৃতি ধরে রাখার জন্য তাঁর পিতা কবির হোসেন ভূইয়া এর আবেদনের প্রেক্ষিতে উক্ত মাঠ ও শিশু পার্কটি জাবির ইব্রাহীম শিশুপার্ক হিসেবে নামকরণ করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।<br><br>(চ) বৃহত্তর দক্ষিনখান এলাকার যুবসমাজ এর পক্ষে নাঈমুর রহমান আশিক, মোবাইলঃ ০১৫৩৭৫০৭১০০ এর আবেদনের প্রেক্ষিতে শহীদ লতিফের আত্মত্যাগ ও স্মৃতিকে ধরে রাখার নিমিত্ত হজক্যাম্প কলোনি থেকে আব্দুল্লাহপুর পর্যন্ত রেল লাইন সংলগ্ন সড়কটি "শহীদ লতিফ রোড" নামকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে হজক্যাম্প কলোনি থেকে আব্দুল্লাহপুর পর্যন্ত রেল লাইন সংলগ্ন সড়কটি "শহীদ লতিফ রোড" নামকরণের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।<br><br>ছ) জনাব মোঃ আরাফাত হুসাইন গত ৫ই আগষ্ট, ২০২৪ তারিখে উত্তরা আজমপুর এলাকায় পুলিশের গুলিতে গুরুতর আহত হয়ে সম্মিলিত সামরিক হাসপাতাল (সিএমএইচ), ঢাকা সেনানিবাসে চিকিৎসাধীন অবস্থায় শাহাদাত বরণ করেন। শহীদ জনাব মোঃ আরাফাত হুসাইন এর নামানুসারে উত্তরা ১৪ নম্বর সেক্টরের আহালিয়া খেলার মাঠটি "শহীদ আরাফাত খেলার মাঠ" ডিএনসিসি'র সড়ক, ভবন ও স্থাপনা নামকরণ উপ-কমিটির সভায় নামকরণের সুপারিশ গৃহীত হয় এবং বোর্ড সভায় নামকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উত্তরা ১৪ নম্বর সেক্টরের আহালিয়া খেলার মাঠটি "শহীদ আরাফাত খেলার মাঠ" নামকরণের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত-০৩ | : | ৩.১) সাবেক মেয়র জনাব সাদেক হোসেন খোকা এঁর নামানুসারে ইষ্টার্ন হাউজিং ২য় পর্ব হতে বেড়িবাধ পর্যন্ত সড়কটি "মেয়র সাদেক হোসেন খোকা সড়ক' নামকরণের বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩.২) সভায় ফেলানীর নামানুসারে গুলশান ২ গোলচত্বর হতে প্রগতি স্মরণি পর্যন্ত সড়কটি "ফেলানী এভিনিউ" নামকরণের নামকরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩.৩) আল্লামা আজিজুল হক (শায়খুল হাদিস) এর নামানুসারে মোহাম্মদপুর বেরিবাঁধ চৌরাস্তা থেকে বছিলা ব্রিজ পর্যন্ত সড়কটি "আল্লামা আজিজুল হক সড়ক" নামকরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩.৪) শহীদ আহনাফ আহমেদ এর নামানুসারে মিরপুর বাঙলা কলেজের পূর্বপাশ থেকে কল্যাণপুর নতুন বাজার পর্যন্ত সড়কটি "শহীদ আহনাফ আহমেদ সড়ক" নামকরণের বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩.৫) শহীদ জাবির ইব্রাহীম এর নামানুসারে উত্তরা ৪নং সেক্টর শায়েস্তা খাঁ এভিনিউর পাশেই খেলার মাঠ ও শিশু পার্কটি "শহীদ জাবির ইব্রাহীম শিশুপার্ক" নামকরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩.৬) শহীদ লতিফ এর নামানুসারে হজক্যাম্প কলোনি থেকে আব্দুল্লাহপুর পর্যন্ত রেল লাইন সংলগ্ন সড়কটি "শহীদ লতিফ রোড" নামকরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩.৭) শহীদ আরাফাত হুসাইন এর নামানুসারে উত্তরা ১৪ নম্বর সেক্টরের আহালিয়া খেলার মাঠটি |

| | | |
|---|---|---|
| | | "শহীদ আরাফাত খেলার মাঠ" নামকরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-০৪** | : | পরিচ্ছন্নতা কর্মীদের ৫৯ বৎসর জনিত অবসর ও মৃত্যুর কারণে সৃষ্ট শূন্য পদে বৈধ নাতি/নাতনি কে ওয়ারিশান হিসেবে চাকুরী প্রদান ও মৃত্যুকালীন অনুদান বৃদ্ধি প্রসঙ্গে। |
| আলোচনা | : | ক) সভায় পরিচ্ছন্নতা কর্মীদের ৫৯ বৎসর জনিত অবসর ও মৃত্যুর কারণে সৃষ্ট শূন্য পদে বৈধ নাতি/নাতনি কে ওয়ারিশান হিসেবে চাকুরি প্রদানের বিষয়টি প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে পরিচ্ছন্নতা কর্মীদের ৫৯ বৎসর জনিত অবসর ও মৃত্যুর কারণে সৃষ্ট শূন্য পদে বৈধ নাতি/নাতনি কে ওয়ারিশান হিসেবে প্রচলিত ধারায় অস্থায়ী দৈনিক মজুরী ভিত্তিতে চাকুরি প্রদানের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।<br><br>খ) সভায় জানানো হয় যে, **"বর্তমানে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত থেকে কর্মরত অবস্থায়"** মৃত্যুবরণ **বা পঙ্গুত্ববরণ** করলে দৈনিক মজুরী ভিত্তিক শ্রমিকগণ ৮,০০,০০০/- (আটলক্ষ টাকা) অনুদান পেয়ে থাকেন। পক্ষান্তরে পরিচ্ছন্নতা কর্মীদের **"সাধারণ মৃত্যুকালীন আর্থিক সহায়তা"** ১,৫০,০০০/-(একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা যা বর্তমান দ্রব্যমূল্যের উর্দ্ধগতির বাজারে খুবই কম। সে বিবেচনায় প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা মানবিক কারণে পরিচ্ছন্নতা কর্মীদের মৃত্যুকালীন ১,৫০,০০০/-(একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা অনুদান বৃদ্ধির বিষয়টি উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে পরিচ্ছন্নতা কর্মীদের মৃত্যুকালীন আর্থিক সহায়তা ১,৫০,০০০/-(একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা থেকে বৃদ্ধি করে ৮,০০,০০০/- (আটলক্ষ টাকা) প্রদানের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। এর মাধ্যমে পরিচ্ছন্নতা কর্মীদের **"সার্বিকভাবে মৃত্যুকালীন আর্থিক সহগোগীতা"** সকলের জন্য সমান অর্থাৎ ৮,০০,০০০/- (আটলক্ষ টাকা) নির্ধারণ হবে। |
| সিদ্ধান্ত-০৪ | : | ৪.১) পরিচ্ছন্নতা কর্মীদের ৫৯ বৎসর জনিত অবসর ও মৃত্যুর কারণে সৃষ্ট শূন্য পদে বৈধ নাতি/নাতনি কে ওয়ারিশান হিসেবে প্রচলিত ধারায় অস্থায়ী দৈনিক মজুরী ভিত্তিতে চাকুরি প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪.২) পরিচ্ছন্নতা কর্মীদের সাধারণ মৃত্যুকালীন আর্থিক সহায়তা ১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা থেকে বৃদ্ধি করে ৮,০০,০০০/- (আটলক্ষ টাকা) প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। অর্থাৎ পরিচ্ছন্নতা কর্মীদের **"সার্বিকভাবে মৃত্যুকালীন আর্থিক সহগোগীতা"** সকলের জন্য সমান অর্থাৎ ৮,০০,০০০/- (আটলক্ষ টাকা) নির্ধারণ হবে। |
| বাস্তবায়ন | : | ১) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br><br>২) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-০৫** | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির সদস্য/প্রতিনিধি পরিবর্তন। |
| আলোচনা | : | (ক) সভায় জানানো হয় যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের গত ০৫ মে ২০২৫ খ্রি: তারিখে ৪৬. ১০. ০০০০. ০০৬. ৯৯. ৩০৯.২২-৪০২ নম্বর স্মারকে ৯০ সদস্য বিশিষ্ট সিটি লেভেল কো-অর্ডিনেশন |

কমিটি (CLCC) গঠন করা হয়। উক্ত কমিটিতে সামাজিক/সাংস্কৃতিক/যুব ও ক্রীড়া সংগঠনের ৮জন প্রতিনিধি সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হয়েছে। যা নিম্নরূপ:

| সামাজিক/সাংস্কৃতিক/যুব ও ক্রীড়া সংগঠনের প্রতিনিধি-৮ জন | | | কমিটিতে ক্রমিক নং |
|---|---|---|---|
| ১ | জনাব রাকিবুল হক | সদস্য | ৬৩ |
| ২ | জনাব মাহমুদল্লাহ শরীফি কল্লোল, ০১৭১৭৬৯০৮৪২ | সদস্য | ৬৪ |
| ৩ | জনাব রকিবুল হাসান | সদস্য | ৬৫ |
| ৪ | জনাব আহসান জামিল মুত্তাকী হাসীব, ০১৭২১৬৫৬৫২৬ | সদস্য | ৬৬ |
| ৫ | জনাব পারভেজ হাসান সুমন, ০১৬৮২০৭৬২৩০ | সদস্য | ৬৭ |
| ৬ | জনাব মীর হাবিব আল মানজর, ০১৩১৬৩৪৮৮ ৪৬ | সদস্য | ৬৮ |
| ৭ | জনাব সানজিদ হোসাইন, ০১৮৩৩১৮১১৩৮ | সদস্য | ৬৯ |
| ৮ | জনাব আখতারুজ্জামান মোহন, ০১৭১১০২২৮৩৩ | সদস্য | ৭০ |

CLCC কমিটির সভায় উপস্থিত না থাকায় কাজের স্বার্থে বর্ণিত সামাজিক/সাংস্কৃতিক/যুব ও ক্রীড়া সংগঠনের প্রতিনিধি জনাব রকিবুল হাসানকে CLCC কমিটির সদস্য পদ থেকে অব্যহতি প্রদান এবং **জনাব মোহাম্মদ খালেদকে** (মোবাইল নম্বর: ০১৬৭৮-৪৪২২১১) সামাজিক/সাংস্কৃতিক/যুব ও ক্রীড়া সংগঠনের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বর্ণিত সামাজিক/সাংস্কৃতিক/যুব ও ক্রীড়া সংগঠনের প্রতিনিধি জনাব রকিবুল হাসানকে CLCC কমিটির সদস্য পদ থেকে অব্যহতি প্রদান এবং **জনাব মোহাম্মদ খালেদকে** (মোবাইল নম্বর: ০১৬৭৮-৪৪২২১১) সামাজিক/সাংস্কৃতিক/যুব ও ক্রীড়া সংগঠনের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে সকল সদস্য একমত প্রকাশ করেন।

(খ) বর্ণিত CLCC কমিটিতে সরকারি/বেসরকারি খাতে (শিল্প বাণিজ্য) ৫জন প্রতিনিধি সদস্য হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে।

| সরকারি/বেসরকারি খাত (শিল্প বাণিজ্য) এর প্রতিনিধি ৫ জন | | | কমিটিতে ক্রমিক নং |
|---|---|---|---|
| ১ | জনাব ফরিদ | সদস্য | ৭৮ |
| ২ | জনাব মো: রকিবুল আমিন, ০১৭১৬৮৯৬৬৮১ | সদস্য | ৭৯ |
| ৩ | জনাব মো: সালামত উল্লাহ, ০১৭১১৩৯২৭৮৫ | সদস্য | ৮০ |
| ৪ | ইঞ্জিনিয়ার জাকির হোসেন সরকার, ০১৮১৯২৩৭৩৫১ | সদস্য | ৮১ |
| ৫ | জনাব এনামুল কবির সুজন, ০১৯৭০০০৭০০৭ | সদস্য | ৮২ |

CLCC কমিটির সভায় উপস্থিত না থাকায় কাজের স্বার্থে উক্ত সরকারী/বেসরকারী খাতের (শিল্প বাণিজ্য) প্রতিনিধি জনাব ফরিদকে CLCC কমিটির সদস্য পদ থেকে অব্যহতি প্রদান এবং **জনাব মোহাম্মদ ইউসুফকে** (মোবাইল নম্বর: ০১৭৮৩-৯১৬৬১১) সরকারী/বেসরকারী খাতের (শিল্প বাণিজ্য) সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে

| | | |
|---|---|---|
| | | সরকারী/বেসরকারী খাতের (শিল্প বাণিজ্য) প্রতিনিধি জনাব ফরিদকে CLCC কমিটির সদস্য পদ থেকে অব্যহতি প্রদান এবং **জনাব মোহাম্মদ ইউসুফকে** (মোবাইল নম্বর: ০১৭৮৩-৯১৬৬১১) সরকারী/বেসরকারী খাতের (শিল্প বাণিজ্য) সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত-০৫ | : | ৫.১) আলোচ্য CLCC কমিটির সামাজিক/সাংস্কৃতিক/যুব ও ক্রীড়া সংগঠনের প্রতিনিধি জনাব রকিবুল হাসানকে CLCC কমিটির সদস্য পদ থেকে অব্যহতি প্রদান এবং **জনাব মোহাম্মদ খালেদকে** (মোবাইল নম্বর: ০১৬৭৮-৪৪২২১১) সামাজিক/সাংস্কৃতিক/যুব ও ক্রীড়া সংগঠনের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৫.২) আলোচ্য CLCC কমিটির সরকারি/বেসরকারি খাতের (শিল্প বাণিজ্য) প্রতিনিধি জনাব ফরিদকে CLCC কমিটির সদস্য পদ থেকে অব্যহতি প্রদান এবং **জনাব মোহাম্মদ ইউসুফকে** (মোবাইল নম্বর: ০১৭৮৩-৯১৬৬১১) সরকারি/বেসরকারি খাতের (শিল্প বাণিজ্য) সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **বিবিধ-৬** | : | ক)July নারী মঞ্চ নির্মাণ।<br>খ) ব্যাটারি চালিত রিক্সা সংক্রান্ত।<br>গ) Transport Rute সংক্রান্ত।<br>ঘ) ডিএনসিসি'র কার্যক্রম Dijitilization প্রসংগে।<br>ঙ) Informal ব্যবসা ট্রেড লাইসেন্স প্রদান সংক্রান্ত।<br>চ) ফুটওভার ব্রীজের খুটির নীচে পরিত্যাক্ত জায়গা সমূহে বুক স্টল ও বাগান করণ প্রসংগে।<br>ছ) ওয়াটারএইড বাংলাদেশের সহায়তায় ওয়াশ পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত।<br>জ) নাগরিক পদক ২০২৫ প্রদান প্রসংগে।<br>ঝ) পূর্বাচলের লেক সমূহ পরিস্কার ও সংস্কার প্রসংগে।<br>ঞ) উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা পদে ০২(দুই) বছর চুক্তি ভিত্তিক নিয়োগ প্রদান প্রসংগে। |
| আলোচনা | : | ক) সভায় জানানো হয় যে, জুলাই, ২০২৪ সালের আন্দোলনে নারীদের সক্রিয়, সাহসী ও ঐতিহাসিক অংশগ্রহণ জাতির জন্য গর্বের বিষয় হিসেবে স্বীকৃত। আন্দোলনে নারীদের নেতৃত্ব, সংগঠন দক্ষতা ও ত্যাগের যথাযথ মূল্যায়ন ও সংরক্ষণের বিষয়ে আলোচনা করা হয়। নারীদের অবদানকে সম্মান জানাতে এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য অনুপ্রেরণা হিসেবে তুলে ধরতে উত্তরা উত্তর মেট্রোরেল গোলচত্বর (বিআরটিএ রোড) এ "জুলাই নারী মঞ্চ" স্থাপনের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।<br><br>খ) সভায় জানানো হয় যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ঢাকা শহরে অনিয়ন্ত্রিত ও বিধি বহির্ভূতভাবে পরিচালিত অটোরিক্সা (প্যাডেল রিক্সা ব্যাটারি সংযোজনকৃত) ও ইজিবাইকসমূহকে নিয়ন্ত্রণের লক্ষ্যে বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (BUET) মাধ্যমে তিন চাকার ব্যাটারিচালিত স্বল্পগতির (ই-রিক্সা) রিক্সার নকশা প্রণয়ন করে যা মন্ত্রণালয়ের কারিগরী কমিটির পরীক্ষা-নিরীক্ষার পর চূড়ান্তভাবে অনুমোদন দেয়া হয়। এছাড়া বর্তমানে পরিচালিত রিক্সাসমূহে ব্যাটারী কনভার্সন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে আপাতত চালু রাখা হবে। এ লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাতারকুল |

এলাকায় নতুন ধরনের ই-রিক্সা এবং আফতাবনগর এলাকায় কনভার্টেড রিক্সার মাধ্যমে পাইলটিং কার্যক্রম পরিচালনা করা হবে। নগরীতে পরিবেশ বান্ধব ব্যাটারি চালিত রিক্সা চালিত হলে দুর্ঘটনা রোধসহ বায়ু দূষণ কম হবে এবং শহরের পরিবেশ পরিচ্ছন্ন থাকবে। পরিবেশবান্ধব যান হিসেবে ব্যাটারি চালিত রিক্সা নিরাপদ এবং টেকসই নগর উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সভায় ব্যাটারি চালিত রিক্সা চলাচলের জন্য বিভিন্ন বিষয়ে গুরুত্ব আরোপের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

গ) সভায় নগরীর জনসাধারণের চলাচলের সুবিধার্থে বসুন্ধরা আবাসিক এলাকা, গুলশান-১ ও ২ এলাকায় বিদ্যমান ঢাকার চাকার মতো উত্তরা-৪ নম্বর সেক্টর, বারিধারা, নিকেতন, বনশ্রীসহ অন্যান্য অভিজাত এলাকায় অভ্যন্তরীণ বাসরুট অনুমোদনের বিষয়ে উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ঢাকার চাকার মতো উত্তরা-৪ নম্বর সেক্টর, বারিধারা, নিকেতন,বনশ্রীসহ অন্যান্য অভিজাত এলাকায় অভ্যন্তরীণ বাসরুট অনুমোদনের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

ঘ) কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরা এবং সেবার মান বৃদ্ধির লক্ষ্যে ডিএনসিসির Waste Management, Store Management, Human Resource Management সহ অন্যান্য সেবামূলক কাজ ডিজিটালাইজেশন করার বিষয়ে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। আলোচনান্তে কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং সেবার মান বৃদ্ধির লক্ষ্যে ডিএনসিসির Waste Management, Store Management, Human Resource Management সহ অন্যান্য সেবা মূলক কাজ Dijitilization করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

ঙ) সভায় জানানো হয় যে, নগরীর বস্তি ও নিম্নমানের এলাকায় অনেক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে উঠেছে; তারা ব্যবসা করছে কিন্তু ট্রেড লাইসেন্স নেই। এ ছাড়াও হোল্ডিং নম্বর বিহীন জায়গায় প্রচুর ব্যবসা প্রতিষ্ঠান রয়েছে সে গুলোরও ট্রেড লাইসেন্স নেই। সভায় এ সকল informal ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে ট্রেড লাইসেন্স এর আওতায় নিয়ে আসার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ডিএনসিসি অধিক্ষেত্রে বস্তি এলাকায় গড়ে ওঠা বা হোল্ডিং নম্বর বিহীন জায়গায় স্থাপিত informal ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে ট্রেড লাইসেন্স এর আওতায় নিয়ে আসার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

চ) সভায় নগরীর সৌন্দর্য বর্ধনের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অধীক্ষেত্রে বিদ্যমান ফুটওভার ব্রীজের খুঁটির নীচে পরিত্যাক্ত জায়গা সমূহে বুক স্টল ও বাগান করার বিষয়ে উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। আলোচনান্তে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অধীক্ষেত্রে বিদ্যমান ফুটওভার ব্রীজের খুঁটির নীচে পরিত্যাক্ত জায়গা সমূহে বুক স্টল ও বাগান করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

ছ) সভায় ঢাকা শহরকে বাসযোগ্য টেকসই নগরী হিসেবে গড়ে তুলতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ওয়াটারএইড বাংলাদেশের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় ওয়াটার এইড বাংলাদেশ কর্তৃক পানি, পয়:নিষ্কাশন এবং স্বাস্থ্য বিধি উন্নয়নের লক্ষ্যে প্রণীত ওয়াশ পরিকল্পনা

| | | |
|---|---|---|
| | | সংক্রান্ত তথ্য উপাত্তসহ সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। আলোচনান্তে ওয়াটারএইড বাংলাদেশ কর্তৃক প্রণীত ওয়াশ পরিকল্পনাটি নীতিগত অনুমোদনের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।<br><br>জ) সভায় জানানো হয় যে, নগর উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ, সামাজিক সেবা ও জনসচেতনতা বৃদ্ধিতে অবদান রাখা ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংগঠনসমূহকে স্বীকৃতি দেয়ার নিমিত্ত নাগরিক পদক প্রদান করা প্রয়োজন। এই পদকের মাধ্যমে DNCC নগরের দায়িত্বশীল নাগরিকত্বের সংস্কৃতি গড়ে তুলতে চায়। নাগরিক পদক সমাজের প্রত্যেক সদস্যকে তাদের নিজ নিজ অবস্থান থেকে শহরের উন্নয়নে অংশগ্রহণ করার জন্য উদ্বুদ্ধ করে। নাগরিক পদক প্রদানের মূল উদ্দেশ্য হলো দায়িত্বশীল নাগরিকত্বের চেতনা ছড়িয়ে দেওয়া এবং নগরবাসীকে তাদের শহরকে ভালোবাসা ও রক্ষায় উদ্বুদ্ধ করা। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে সমাজের প্রত্যেক সদস্যকে তাদের নিজ নিজ অবস্থান থেকে শহরের উন্নয়নে উদ্বুদ্ধ করতে বিভিন্ন ক্যাটাগরিতে নাগরিক পদক ২০২৫ প্রদানের জন্য সকল সদস্য একমত পোষণ করেন।<br><br>ঝ) পূর্বাচল এলাকায় চুরি, ডাকাতি, ছিনতাই রোধ করে ট্যুরিজম বান্ধব পরিবেশ সৃষ্টির লক্ষ্যে পূর্বাচলের লেক সমূহ পরিস্কার ও সংস্কার করার বিষয়ে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। আলোচনান্তে পূর্বাচল এলাকায় চুরি, ডাকাতি, ছিনতাই রোধ করে ট্যুরিজম বান্ধব পরিবেশ সৃষ্টির লক্ষ্যে পূর্বাচলের লেক সমূহ পরিস্কার ও সংস্কার করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।<br><br>ঞ) সভায় জানানো হয় যে, জনাব মো: মহিউদ্দিন, বর্তমানে উপ প্রধান রাজস্ব কর্মকর্তা হিসেবে অত্যন্ত সুনাম ও নিষ্ঠার সাথে কর্তৃপক্ষের পূর্ণ সন্তুষ্টি সহকারে বিগত ০২/১০/২০২৩ তারিখ থেকে দায়িত্ব পালন করছে তিনি তাঁর দায়িত্বকালে ২০২৩-২৪ অর্থবছর ৯০৩.০৪ কোটি টাকা এবং ২০২৪-২৫ অর্থবছর ৯০৯.০৫ কোটি টাকা রাজস্ব আদায়ে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। প্রসঙ্গত, শুধুমাত্র হোল্ডিং ট্যাক্স খাতে ২০২২-২৩ অর্থ বছরে তুলনায় ২০২৩-২৪ অর্থ বছরে প্রায় ৪০.০০ কোটি টাকা এবং ২০২৩-২৪ অর্থ বছরের তুলনায় ২০২৪-২৫ বছরে প্রায় ৪৪.০০ কোটি টাকা অধিক রাজস্ব আদায় হয়েছে। রাজস্ব বিভাগ কর্তৃক পরিচালিত অন্যান্য খাতসমূহ হতে রাজস্ব আদায়েও একই ধরনের ধারাবাহিকতা রয়েছে।<br><br>প্রসঙ্গত, উল্লেখ করা যায় যে, তিনি সরাসরি উপকর কর্মকর্তা হিসেবে বিগত ২৯/০৮/১৯৯০ তারিখ মিউনিসিপ্যাল কর্পোরেশনে যোগদান করেন। পরবর্তীতে ঢাকা সিটি কর্পোরেশন এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে চাকুরি করেন। তাঁর জন্ম তারিখ ২৩/০১/১৯৬৭ইং। আগামী ২২/০১/২০২৬ তারিখ তিনি অবসরোত্তর ছুটিতে গমন রবেন। ফলে আগামী ২২/০১/২০২৬ তারিখ হতে উপ-প্রধান রাজস্ব কর্মকর্তার পদটি শূন্য হবে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন Organogram, 2016 মতে উপ প্রধান রাজস্ব কর্মকর্তার ২ (দুই)টি পদ এবং রাজস্ব কর্মকর্তার ২ (দুই)টি পদ রয়েছে। বর্তমানে বর্ণিত ৪ (চার)টি উর্ধ্বতন পদে মাত্র দুজন কর্মকর্তা কর্মরত আছেন। তাছাড়া উপরোক্ত শূণ্য পদ সমূহের জন্য নিম্নপদ অর্থাৎ কর কর্মকর্তা পদে কর্মরত কোন যোগ্য প্রার্থী না থাকায় পদোন্নতির মাধ্যমেও এ গুরুত্বপূর্ণ পদসমূহ পুরণ করা সম্ভব হবে না। এ অবস্থায়, ঢাকা উত্তর কর্পোরেশনের রাজস্ব আদায় মারাত্মকভাবে ব্যাহত হওয়ার আশংকা দেখা দিবে। |

| | |
|---|---|
| | বর্ণিত প্রেক্ষাপটে জনাব মো: মহিউদ্দিনকে আগামী ২২/০১/২০২৬ তারিখ অবসরোত্তর ছুটিতে গমনের পর থেকে পরবর্তী ০১ (এক) বছর রাজস্ব আদায়ের বৃহত্তর স্বার্থে চুক্তি ভিত্তিক নিয়োগের বিষয়ে সভায় উপস্থাপন করা হয়। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। জনাব মো: মহিউদ্দিনকে আগামী ২২/০১/২০২৬ তারিখ অবসরোত্তর ছুটিতে গমনের পর থেকে পরবর্তী ০১(এক) বছর চুক্তি ভিত্তিক নিয়োগের বিষয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত-০৬ : | ৬.১) জুলাই, ২০২৪ আন্দোলনে নারীদের অংশগ্রহণের স্বীকৃতিস্বরূপ উত্তরা উত্তর মেট্রোরেল গোলচত্তর (বিআরটিএ রোড) এ "জুলাই নারী মঞ্চ" স্থাপনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৬.২) সভায় বিস্তারিত আলোচনান্তে টেকসই নিরাপদ শহর গড়তে ব্যাটারি চালিত রিক্সা চলাচলের বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(ক) প্রত্যেক ওয়ার্ডের একটি অংশে আলোচ্য পরিবেশ বান্ধব ব্যাটারিচালিত রিক্সা চলবে। জীবন জীবিকার বিষয়ে বিবেচনা করে ওয়ার্ডের অন্য অংশে ০১(এক) বছর পুরাতন ব্যাটারিচালিত রিক্সা চলবে।<br>(খ) কোন এলাকায় কি পরিমাণ নতুন ও পুরাতন ব্যাটারি চালিত রিক্সা চলবে তা ঢাকা মেট্রোপলিটন পুলিশ নির্ধারণ করবে।<br>(গ) এক বছর সময়কালে নতুন ও পুরাতন উভয় ধরণের ব্যাটারি চালিত রিক্সা লাইসেন্স পাবে। এক বছর পর পুরাতন ব্যাটারি চালিত রিক্সা লাইসেন্স দেয়া হবে না।<br>(ঘ) মেইন রোড গুলোতে কোন ধরণের ব্যাটারিচালিত রিক্সা চলবে না।<br>(ঙ) রাজধানীর আফতাব নগর এলাকায় কনভার্টেড রিক্সা এবং সাতারকুল এলাকায় নতুন ধরনের ই-রিক্সা চলাচলের বিষয়ে প্রাথমিকভাবে পাইলটিং কার্যক্রম শুরু হবে।<br><br>৬.৩) নগরীর জনসাধারণের চলাচলের সুবিধার্থে বসুন্ধরা আবাসিক এলাকা, গুলশান-১ ও ২ এলাকায় বিদ্যমান ঢাকার চাকার মতো উত্তরা-৪ নম্বর সেক্টর, বারিধারা, নিকেতন, বনশ্রীসহ অন্যান্য অভিজাত এলাকায় অভ্যন্তরীণ বাসরুট অনুমোদনের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৬.৪) সভায় ডিএনসিসির সকল স্তরে কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং সেবার মান বৃদ্ধির লক্ষ্যে ডিএনসিসির Waste Management, Store Management, Human Resource Management সহ অন্যান্য সেবা মূলক কাজ Dijitilization করার বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৬.৫) ডিএনসিসি অধিক্ষেত্রে বস্তি এলাকায় গড়ে ওঠা ব্যবসাসমূহ এবং হোল্ডিং নম্বর নেই এমন জায়গায় স্থাপিত informal ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে ট্রেড লাইসেন্স এর আওতায় নিয়ে আসার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৬.৬) সভায় নগরীর সৌন্দর্য বর্ধনের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অধীক্ষেত্রে বিদ্যমান ফুটওভার ব্রীজের খুঁটির নীচে পরিত্যাক্ত জায়গা সমূহে বুক স্টল ও বাগান করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৬.৭) সভায় ঢাকা শহরকে বাসযোগ্য টেকসই নগরী হিসেবে গড়ে তুলতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| | | এবং ওয়াটারএইড বাংলাদেশের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় ওয়াটার এইড বাংলাদেশ কর্তৃক পানি, পয়:নিষ্কাশন এবং স্বাস্থ্য বিধি উন্নয়নের লক্ষ্যে প্রণীত ওয়াশ পরিকল্পনাটি নীতিগত অনুমোদনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৬.৮) সভায় নগর উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ, সামাজিক সেবা ও জনসচেতনতা বৃদ্ধিতে অবদান রাখা ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংগঠনসমূহকে স্বীকৃতি দেয়ার নিমিত্ত বিভিন্ন ক্যাটাগরিতে নাগরিক পদক ২০২৫ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৬.৯) সভায় পূর্বাচল এলাকায় চুরি, ডাকাতি, ছিনতাই রোধ করে ট্যুরিজম বান্ধব পরিবেশ সৃষ্টির লক্ষ্যে পূর্বাচলের লেক সমূহ পরিস্কার ও সংস্কার করার বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৬.১০) রাজস্ব আদায়ের স্বার্থে উপপ্রধান রাজস্ব কর্মকর্তা(দায়িত্বপ্রাপ্ত) জনাব মো: মহিউদ্দিনকে আগামী ২২/০১/২০২৬ তারিখ অবসরোত্তর ছুটিতে গমনের পর থেকে পরবর্তী ০১ (এক) বছর চুক্তি ভিত্তিক নিয়োগের বিষয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান রাজস্ব কর্মকর্তা,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>সিস্টেম এনালিষ্ট,আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>সংশ্লিষ্ট বিভাগ/অঞ্চল-----------------------------------------, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ এজাজ
প্রশাসক
ও
সভাপতি
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভা

নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.০৯৮.২০২৪-১২০০ তারিখ: ২৮/১২/২০২৫

বিতরণ কার্যার্থে:

..................................................

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা।
৪. পুলিশ কমিশনার, ঢাকা।
৫. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ।
৬. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
৭. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
৮. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।
৯. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর।
১০. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
১১. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড।
১২. চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)।
১৩. উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমাবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
১৪. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)।
১৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।
১৬. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর।
১৭. মহাপরিচালক, দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৮. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর।
১৯. চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
২০. মহাপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স।
২১. মহাপরিচালক, বাংলাদেশ প্রত্নতত্ত্ব বিভাগ।
২২. জেলা প্রশাসক, ঢাকা।
২৩. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)।
২৪. ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস।
২৫. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২৬. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
২৭. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২৮. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২৯. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩০. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভার কার্যবিবরণীটি (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩১. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩২. সহকারী সচিব, সংস্থাপন-১ ও ২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩৩. নিরাপত্তা কর্মকর্তা,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩৪. অফিস কপি।